দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 21 JUL 1989 ...
পৃষ্ঠা ... ... ...



ব্লাড ক্যান্সারে আক্রান্ত স্কুল ছাত্র অরণ্য নাসির

# ক্যান্সারে আক্রান্ত স্কুল ছাত্রের চিকিৎসার জন্য সাহায্যের আবেদন

বিশিষ্ট চিত্রশিল্পী নাসির বিশ্বাসের একমাত্র ছেলে অরণ্য নাসির ব্লাড ক্যান্সারে ভুগছে। সে এখন পিজি হাসপাতালের শিশু বিভাগে চিকিৎসাধীন। ১১ বছরের অরণ্য ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুলের ষষ্ঠ শ্রেণীর ছাত্র।

বিশেষজ্ঞ চিকিৎসকদের অভিমত পুত্রকে বাঁচানোর জন্যে সুচিকিৎসার উদ্দেশ্যে ওকে অবিলম্বে বিদেশে পাঠানো দরকার। অরণ্যর পিতা শিল্পী নাসির বিশ্বাস বাংলাদেশ সরকারের পরিবার পরিকল্পনা অধিদফতরের কর্মরত। তিনি একজন মুক্তিযোদ্ধা।

অরণ্যর পিতার পক্ষে বিদেশে ছেলের চিকিৎসার ব্যয়ভার বহন করা সম্ভব নয়। সম্ভবনাময় এই কিশোরের প্রাণ রক্ষার্থে বিদেশে তার আশু চিকিৎসায় আর্থিক সহায়তা দেয়ার জন্যে বাংলাদেশ চারুশিল্পী সংসদ সরকারের কাছে অনুরোধ জানিয়েছে। খবর প্রেস বিজ্ঞপ্তির।